# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

২৮৫. সর্বশ্রেষ্ঠ মহামানব

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর চরিত্রের কিছু প্রধান বৈশিষ্ট্য ছিল— পরিতুষ্টি, আশাবাদ ও উদার হৃদয়। তিনি সুসংবাদবাহী ছিলেন। তিনি মানুষকে কঠোর আত্মসংযম ও কঠোর তপশ্চর্যা করতে নিষেধ করতেন। কারণ; এগুলো মানুষকে সত্য থেকে দূরে সরিয়ে দেয়। হতাশা ও ব্যর্থতা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অভিধানে ছিল না। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মুখে সদা মুচকি হাসি ছিল এবং তার অন্তর ছিল পরিতৃপ্ত। অধিকন্তু, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর আদেশ মান্য করা সহজ ছিল। কারণ, তার উদ্দেশ্য ছিল কষ্ট লাঘব করা এবং মিথ্যার শিকলকে দূর করা, যা মানুষকে নত করে রাখে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7793

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন